

জাতীয় বিশ্ববিদ্যালয়
ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড
মেধা বৃত্তির প্রবর্তন

গাঞ্চীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক 'Vice Chancellors Award' নামে মেধা বৃত্তি প্রচলন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১২৩তম সিকিউটি সভায় 'ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড' নামে এ বৃত্তি প্রদানের নিষ্কলিত গৃহীত হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১০ সালে অনুষ্ঠিত ২০০৮ সালের চতুর্থবার্শ অনার্স পরীক্ষায় বিভিন্ন বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী ছাত্রছাত্রীদের এককালীন মেধাবৃত্তি প্রদান করা হবে। বৃত্তিপ্রাপ্তদের মেধা-স্থান (প্রথম, দ্বিতীয় ও তৃতীয়) অনুযায়ী পাঁচ হাজার, তিন হাজার ও দুই হাজার টাকা ও মেধা সনদ প্রদান করা হবে। মোট ২৯টি বিষয়ে ৮২ জন ছাত্রছাত্রী তাদের কৃতিত্বের জন্য এ মেধাবৃত্তি পাবেন।

২০১১ সালে অনুষ্ঠিত ২০০৯ সালের প্রথমবার্শ স্নাতক সনদ পরীক্ষায় বিভিন্ন বিষয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রছাত্রীদেরও এককালীন মেধাবৃত্তি প্রদানের নিষ্কলিত গ্রহণ করা হয়েছে। বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীরা এককালীন তিন হাজার টাকা পাবেন।

২৯টি বিষয়ে ২৯ জন ছাত্রছাত্রী এ বৃত্তি পাবেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ে এবারই প্রথম 'ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড' নামের এ বৃত্তির প্রবর্তন করা হলো। বৃত্তিপ্রাপ্তদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) -এ পাওয়া যাবে। বৃত্তির অর্থ ও সনদের জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের কার্যালয়ে যোগাযোগের পরামর্শ দেয়া হল।